

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
 অর্থ মন্ত্রণালয়
 অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
 (কাস্টমস ও মূল্য সংযোজন কর)
 প্রজ্ঞাপন

তারিখ: ১৫ জ্যৈষ্ঠ, ১৪৩১ বঙ্গাব্দ/ ২৯ মে, ২০২৪ খ্রিষ্টাব্দ

এস.আর.ও. নং ১৮৩-আইন/২০২৪/৩৫/কাস্টমস।- সরকার, কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন), অতঃপর উক্ত আইন বলিয়া উল্লিখিত, এর ধারা ২৫ এর উপ-ধারা (১) এবং মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (১) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ডের সহিত পরামর্শক্রমে, জনস্বার্থে, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এবং Rental Power Company এর সহিত সম্পাদিত চুক্তির আওতায় বেসরকারিভাবে বিদ্যুৎ উৎপাদনের নিমিত্ত Rental Power Company কর্তৃক অস্থায়ীভাবে আমদানিকৃত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট, ইকুইপমেন্ট বা প্রয়োজনীয় যন্ত্রাংশকে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, উহাদের উপর আরোপণীয় উক্ত আইনের প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) যে পরিমাণ মূল্যভিত্তিক ৫% (পাঁচ শতাংশ) এর অতিরিক্ত হয়, সেই পরিমাণ এবং সমুদয় মূল্য সংযোজন কর, সম্পূরক শুল্ক, যদি থাকে, এবং আগাম কর হইতে অব্যাহতি প্রদান করিল, যথা:-

শর্তাবলি

- (১) বিদ্যুৎ উন্নয়ন বোর্ড কর্তৃক Rental Payment এর প্রতিটি বিলের পরিমাণকে কর ভিত্তি (Tax Base) বিবেচনা করিয়া উহার উপর ২.৫% (দুই দশমিক পাঁচ শতাংশ) হারে কাস্টমস আইন, ২০২৩ এর প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) পরিশোধ করিতে হইবে এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড উক্ত প্রথম তফসিলে উল্লিখিত কাস্টমস শুল্ক (Customs Duty) সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশনে জমা প্রদান নিশ্চিত করিবে;
- (২) উক্ত প্লান্ট/ইকুইপমেন্ট/যন্ত্রাংশসমূহ সাময়িক ভিত্তিতে চুক্তির মেয়াদকালীন সময়ের জন্য আমদানিকৃত হইবে;
- (৩) আমদানিকারক এবং বিদ্যুৎ উন্নয়ন বোর্ড (অন্যন যুগ্ম সচিব পদমর্যাদার কর্মকর্তা) এই মর্মে যৌথ অঙ্গীকারনামা সংশ্লিষ্ট কাস্টম হাউস বা শুল্ক স্টেশনে দাখিল করিবে যে, চুক্তির মেয়াদ শেষে উক্ত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট/ইকুইপমেন্ট/যন্ত্রাংশসমূহ পুনঃরপ্তানি করা হইবে এবং ইহার অন্যথা হইলে শুল্ক কর্তৃপক্ষ কর্তৃক আরোপিত যে কোনো সিদ্ধান্ত তাহারা মানিয়া নিতে বাধ্য থাকিবেন; এবং

(৪) বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ডের সদস্য পদমর্যাদার একজন কর্মকর্তা, অতঃপর প্রত্যয়নকারী কর্তৃপক্ষ বলিয়া অভিহিত, কর্তৃক স্বাক্ষরিত চালানওয়ারি একটি প্রত্যয়নপত্র পরিশিষ্ট এ বিধৃত ছকে আমদানিকৃত বিদ্যুৎ উৎপাদন প্লান্ট, ইকুইপমেন্ট বা প্রয়োজনীয় যন্ত্রাংশ খালাসের সময় সংশ্লিষ্ট শুল্ক স্টেশনে দাখিল করিতে হইবে।

২। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ কর্তৃক ১১/০৩/২০০৮ খ্রিষ্টাব্দ তারিখে জারীকৃত প্রজ্ঞাপন এস, আর, ও নং ৫৮-আইন/২০০৮/২১৮১/শুল্ক এতদ্বারা রহিত করা হইল।

৩। এই প্রজ্ঞাপন ৬ জুন, ২০২৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে এবং ৩০ জুন, ২০২৮ খ্রিষ্টাব্দ পর্যন্ত বলবৎ থাকিবে।

পরিশিষ্ট

[শর্ত নং (৪) দ্রষ্টব্য]

প্রত্যয়ন করা যাইতেছে যে, মেসার্স বেসরকারিভাবে বিদ্যুৎ উৎপাদনের জন্য বাংলাদেশ সরকারের সহিত চুক্তিবদ্ধ একটি প্রতিষ্ঠান। প্রতিষ্ঠানটি উহার বিদ্যুৎ উৎপাদন প্লান্ট বিদেশ হইতে বাংলাদেশে আনয়নপূর্বক উৎপাদিত বিদ্যুৎ বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড এর নিকট বিক্রয় করিবে। উক্ত প্রতিষ্ঠান কর্তৃক ইনভয়েস নং তারিখ, বিল অব ল্যাডিং/এয়ারওয়ে বিল/ট্রাক রিসিপ্ট নং, তারিখ (প্রতিস্বাক্ষরিত) - এ উল্লিখিত বিবরণ, পরিমাণ ও মূল্য অনুযায়ী আমদানিকৃত প্লান্ট/ইকুইপমেন্ট/প্রয়োজনীয় যন্ত্রাংশ উক্ত বিদ্যুৎ উৎপাদন কার্যে ব্যবহৃত হইবে।

প্রত্যয়নকারী কর্তৃপক্ষ

স্বাক্ষর: -----

নাম: -----

পদবি: -----

সিল: -----।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাক্ষরিত/-

আবু হেনা মোঃ রহমাতুল মুনিম
সিনিয়র সচিব।